

উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

বিজ্ঞপ্তি

স্মারক নং: উবি-০৬/২০০৭-১৯৩১৫

তারিখ: ১৫ মার্চ ২০২৩ খ্রিষ্টাব্দ
০১লা চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ

বিষয়: 'উদয়ন-বার্ষিকী'-তে লেখা জমাদান প্রসঙ্গে।

শিশু থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত সকল শিক্ষার্থী, সম্মানিত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীকে আনন্দের সাথে জানানো যাচ্ছে যে, যত দ্রুত সম্ভব 'উদয়ন-বার্ষিকী' প্রকাশ করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। 'উদয়ন-বার্ষিকী'-কে পরিশীলিত করে তৈরি করার জন্য সকলের কাছে লেখা আহ্বান করা হলো।

লেখার ধরন: (বাংলা ও ইংরেজি ভাষায়)

(ক) ছোটগল্প, কবিতা, ছড়া, বৈজ্ঞানিক কল্পকাহিনি, গোয়েন্দাকাহিনি, মনস্তাত্ত্বিক কাহিনি, বিদেশি পটভূমিকায় রচিত গল্প, অনুবাদমূলক গল্প।

(খ) প্রবন্ধ, নিবন্ধ, স্মৃতিকথা, ভ্রমণকাহিনি, কোভিডকালীন বিষয়সহ বিভিন্ন পরিস্থিতি নিয়ে সৃজনশীল লেখা।

(গ) কৌতুক, ধাঁধা, বিভিন্ন ধরনের রেসিপি ইত্যাদি।

(ঘ) MS Word ফাইলে বাংলা লেখা SutonnyMJ ফন্টে এবং ইংরেজি লেখা Times New Roman ফন্টে কম্পোজ করে তার প্রিন্টকপি ১০৫ নম্বর রুমের সামনে রক্ষিত বক্সে জমা দিতে হবে। এবং সফটকপি নিম্নের ই-মেইলে প্রেরণ করতে হবে।

ই-মেইল: magazine.udayan@gmail.com

(ঙ) লেখা জমা দেওয়ার শেষ তারিখ: ০৭ মে ২০২৩ রবিবার।

'উদয়ন-বার্ষিকী'- যাতে সুন্দর ও আকর্ষণীয় হয়, তার যাবতীয় ব্যবস্থাপনায় সহযোগিতার জন্য সকলের প্রতি আহ্বান রইল।

পুনশ্চ: ধর্মীয় অনুভূতিতে আঘাত হানে এবং কোনো গোষ্ঠী, সম্প্রদায় বা রাষ্ট্রবিরোধী এমন কোনো লেখা জমা দেওয়া যাবে না।

* লেখার ক্ষেত্রে বাংলা একাডেমির বানান-রীতি অনুসরণ করার জন্য সকলকে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/
জহুরা বেগম
অধ্যক্ষ